139

আজকের কাগজ

তারিখ ...13. FEB. 1984 ... ..
পৃষ্ঠা ৮ কলাম ৬

## ঢাকা বিশ্ববিদ্যালয়

# সিন্ডিকেট, একাডেমিক কমিটি ও ফিন্যান্স কমিটিতে শিক্ষক প্রতিনিধি নির্বাচন আজ

**কাগজ প্রতিবেদক** : আজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট একাডেমিক কাউন্সিল এবং ফিন্যান্স কমিটিতে শিক্ষক প্রতিনিধি নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। নির্বাচনে আওয়ামী লীগ পন্থী বলে পরিচিত 'নীল' বামপন্থীদের নিয়ে 'গোলাপী' এবং বিএনপি-জামাত মিত্রের 'সাদা'-এই ৩টি প্যানেল প্রতিদ্বন্দ্বিতা করছে। সিন্ডিকেটে ৬টি একাডেমিক কাউন্সিলে ৬টি এবং ফিন্যান্স কমিটির ১টি পদের জন্যে অনুষ্ঠিত হচ্ছে এই ভোট যুদ্ধ। সিন্ডিকেটে মোট পদ ১৭টি। এর মধ্যে শিক্ষক প্রতিনিধি পদ ৬টি।

সিন্ডিকেটে প্রতিনিধি নির্বাচনকে কেন্দ্র করে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক রাজনীতিতে আবার মেরুকরণ ঘটেছে। বিএনপি-জামাত বাম চিন্তাধারার একটি অংশ মিলে এক সময় 'সাদা' প্যানেল ছিলো বেশ শক্তিশালী। গত বছর শিক্ষক সমিতি নির্বাচনে বাম এবং প্রগতিশীল মুক্তিযুদ্ধের পক্ষের অংশ জামাত ও জামাত ঘেঁষা সমর্থক শিক্ষকদের দল থেকে তাদের ভাষায় 'বের' করে দেয়া হয়। সেই নির্বাচনে 'সাদা' দু'টি প্যানেলে বিভক্ত হয়ে নির্বাচন করে। সেবারের নির্বাচনে নীল ও গোলাপী ভালো ফল করে। সম্প্রতি শেষ হয়ে যাওয়া শিক্ষক সমিতির নির্বাচনে 'সাদা' প্যানেলের চূড়ান্ত ভরাডুবি হয়। 'সাদা' প্যানেল মাত্র ১টি পদ পায়। বাকি পদগুলো 'নীল' ও 'গোলাপী' লাভ করে। এবারে আবারো ভরাডুবি ঠেকানোর উদ্দেশে. বিভক্ত 'সাদা' সিন্ডিকেট প্রতিনিধি নির্বাচনে ঐক্যবদ্ধ প্যানেল দিয়েছে।

নির্বাচনকে সামনে রেখে ৩টি প্যানেলই প্রচারপত্র বিলি করেছে শিক্ষকদের নানা সুযোগ-সুবিধার জন্য লড়বার কথা বলা হয়েছে এতে শিক্ষকরা বেশ কয়েক দিন যাবৎ দৌড়াচ্ছেন শিক্ষক লাউঞ্জে, ক্লাবে, বিভাগে, ইনস্টিটিউটগুলোতে।

নীল প্যানেল থেকে সিন্ডিকেট প্রতিনিধি হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করছেন ডঃ মোহাম্মদ মসিদুজ্জামান, ডঃ আবুল হাশেম, ডঃ এ কে আজাদ চৌধুরী, ডঃ মোঃ আনোয়ার হোসেন, আনিস আহমেদ, সাজ্জাদ হায়দার। 'গোলাপী' প্যানেলে রয়েছেন ডঃ আমিনুল ইসলাম, সৈয়দ আবুল কালাম আজাদ, কে এ এম সাদউদ্দিন, রফিকুন নবী (রনবী), ফেরদৌস হোসেন, আবু মুসা ও মোঃ আরিফ বিল্লাহ। 'সাদা' প্রার্থীরা হলেন ডঃ এম এরশাদুল বারী, ডঃ জিন্নাতুন নেছা তাহমিদা বেগম, ডঃ আ ফ ম ইউসুফ হায়দার, ডঃ ম. সায়েদুল ইসলাম, ডঃ মোসলেহ উদ্দিন আহমদ ও মিজানুর রহমান।